

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
জনস্বাস্থ্য-১ শাখা।

নং- জনস্বাস্থ্য-১/ঔষধ-২৬/২০০৭(অংশ)/ ৬২

তারিখ : ১৯-০৩-২০১৩ ইং

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রার্থীগণ-কে ঔষধ তত্ত্বাবধায়ক (১ম শ্রেণীর) পদে ৯ম গ্রেড জাতীয় বেতন স্কেল ২০০৯ এর বেতনক্রম টাঃ ১১০০০-৪৯০x ৭-১৪৪৩০-ইবি-৫৪০x ১১-২০৩৭০/- এ ঔষধ প্রশাসন অধিদপ্তরে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হল :

ক্রমিক নং	প্রার্থীর নাম ও রেজিঃ নং
৫	বি.এম. জাহিদ হায়দার রেজিঃ নম্বর ০০১৫৬০
১৪	মোঃ রেজাউল করিম রেজিঃ নম্বর ০০১৬৯৬


শর্তাবলিঃ

- (ক) সরকারের প্রচলিত আইন, বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য আইন, বিধি ও বিধান দ্বারা চাকুরি সংক্রান্ত সকল বিষয় নিয়ন্ত্রিত হবে।
- (খ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।
- (গ) ঔষধ প্রশাসন অধিদপ্তরে যোগদানের তারিখ থেকে নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের চাকুরিকাল গণনা করা হবে।
- (ঘ) প্রাথমিকভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ ২ বৎসরের জন্য শিক্ষানবিশ হিসেবে গণ্য হবেন এবং নিয়োগবিধিতে বর্ণিত বিধান মোতাবেক শিক্ষানবিশ কর্মকর্তাকে উক্ত পদে স্থায়ী করা হবে।
- (ঙ) শিক্ষানবিশ মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সম্বোধনক বিবেচিত না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকুরির অবসান ঘটাতে পারবে।
- (চ) তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ৩(তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দিলে তাকে প্রশিক্ষণকালে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। এক্ষেত্রে তার কাছে সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ র বিধান অনুসারে আদায় করা হবে এবং প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- (জ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।
- (ঝ) সকল স্হাবর-অস্হাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে।

২। উপরের শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ১০-০৪-২০১৩ খ্রিঃ তারিখের মধ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তরে অথবা ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নির্দেশিত কর্মস্থলে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে গণ্য হবে এবং তার এ নিয়োগ একই সাথে বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(ফাতেমা রহিমা জিনা)

উপ-সচিব


উপ-পরিচালক,  
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর,  
তেজগাঁও, ঢাকা।

নং- জনস্বাস্থ্য-১/ঔষধ-২৬/২০০৭(অংশ)/৬২

তারিখ : ১৯-০৩-২০১৩ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

- ১। মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা  
(দৃষ্টি আকর্ষণ : সৈলিমা বেগম, পরিচালক)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।
- ৭। পরিচালক, সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ১০। যুগ্ম-সচিব(জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। জনাব/জনাবা-----

  
(ফাতেমা রহিমা ভীনা)  
উপ-সচিব